# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১১৩১

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৫০. জুমুআর ফরযের পরে সুন্নত নামায আদায় সম্পর্কে।

باب الصَّلاَةِ بَعْدَ الْجُمُعَةِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ يُونُسَ، حَدَّثَنَا زُهَيْرٌ، ح وَحَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الصَّبَّاحِ الْبَزَّازُ، حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ زَكَرِيَّا، عَنْ سُهَيْلٍ، عَنْ أَبِيهِ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم ـ قَالَ ابْنُ الصَّبَّاحِ قَالَ ـ " مَنْ كَانَ مُصَلِّيًا بَعْدَ الْجُمُعَةِ فَلْيُصَلِّ أَرْبَعًا " . وَتَمَّ حَدِيثُهُ وَقَالَ ابْنُ يُونُسَ " إِذَا صَلَّيْتُمُ الْجُمُعَةَ فَصَلُّوا بَعْدَهَا أَرْبَعًا " . قَالَ فَقَالَ لِي أَبِي يَا بُنَىَّ فَإِنْ صَلَّيْتَ فِي الْمَسْجِدِ رَكْعَتَيْنِ ثُمَّ أَتَيْتَ الْمَنْزِلَ أَوِ الْبَيْتَ فَصَلِّ رَكْعَتَيْنِ " .

বাংলা

১১৩১. আহ্‌মদ ইবনে ইউনুছ ও মুহাম্মদ ইবনে সাব্বাহ্ (রহঃ) ..... আবু হুরায়রা হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: যে ব্যক্তি জুমার ফরয নামায আদায়ের পর অন্য নামায আদায় করে সে যেন চার রাকাত আদায় করে (এটা রাবী ইবনুস্ সাব্বাহের বর্ণনা)। তিনি (নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) আরো বলেছেন: জুমার ফরয নামায আদায়ের পর আরো চার রাকাত আদায় করবে।

রাবী সাহ্ল বলেন, আমার পিতা আমাকে বলেন, হে বৎস! যদি তুমি জুমার ফরয নামায আদায়ের পর সেখানে দুই রাকাত নামায আদায় কর তবে ঘরে ফিরেও দুই রাকাত নামায আদায় করবে। এই বর্ণনাটি রাবী ইবনে ইউনুছের। (মুসলিম, নাসাঈ, তিরমিযী, ইবনে মাজা)

## English

Abu Hurairah reported the Messenger of Allah (ﷺ) as saying (this is the version of the narrator Ibn al-Sabbah):
If anyone of you prays after the Friday prayer, he should say for rak'ahs. According to the version of the narrator Ibn Yunus, the tradition goes: When you have offered the Friday prayer, pray after it four rak'ahs. He said: My father said to me: My son, if you have said two rak'ahs in the mosque, then

you comes to your house, pray two rak'ahs more.

### ফুটনোট

মুসলিম (অধ্যায়ঃ জুমু'আহ, অনুঃ জুমু'আহর পরে সালাত), নাসায়ী (অধ্যায়ঃ জুমু'আহ, অনুঃ জুমু'আহর পরে মসজিদে কত রাক'আত সালাত পড়বে, হাঃ১৪২৫), তিরমিযী (অধ্যায়ঃ সালাত, অনুঃ জুমু'আহর পূর্বে ও পরে সালাত, হাঃ ৫২৩, ইমাম তিরমিযী বলেন, এই হাদিসটি হাসান সহীহ), ইবনু মাজাহ (অধ্যায়ঃ সালাত কায়িম, অনুঃ জুমু'আহর পরে সালাত, হাঃ১১৩২, আহমাদ (২/২৪৯), ইবনু খুযাইমাহ (হাঃ ১৮৭৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=31108

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন